

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

www.iau.edu.bd
iau.exam@gmail.com



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
পশ্চিম ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পনি/কা.প-১.প/২০১৭/৪২১

তারিখঃ ২৯ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
১৩ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৬ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকার অধীনে পরিচালিত কামিল মাদারাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদে (নিয়মিত) পরীক্ষা-২০১৬ (পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ: ২০-০৪-২০১৭ খ্রি.) এর আবেদন ফরম অনলাইনে পূরণ (eFF) এবং পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকা, হিসাব নং-০২০০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। উক্ত ব্যাংক হিসাব ছাড়া অন্য কোন ব্যাংক হিসাবে টাকা জমা দিলে গ্রহণ করা হবে না এবং টি.টি/ড্রাফট/পে-অর্ডার করা যাবে না। Online Banking-এর মাধ্যমে জমাকৃত টাকার রশিদ-এর পিছনে অধ্যক্ষের সিল স্বাক্ষরসহ আবেদন জমা দিতে হবে। আবেদনপত্রসহ আনুষঙ্গিক কাগজপত্র নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ : ২০ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ

১. অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশাবলী :

ক্রম	কাজের বিবরণ	তারিখ
০১	২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষার অনলাইন eFF এর তারিখ	২০/০৩/২০১৭ থেকে ২৫/০৩/২০১৭
০২	২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষার ফি ও আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ	২০/০৩/২০১৭ থেকে ২৭/০৩/২০১৭
০৩	পরীক্ষার ফি, আনুষঙ্গিক ফি জমার রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এর পর প্রাপ্ত পরীক্ষার্থী তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ (অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি জমার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ করা হবে না।)	৩০/০৩/২০১৭ এর মধ্যে
০৪	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd তে পরীক্ষার্থীদের কেন্দ্র ভিত্তিক ডিআর (DR) এর চূড়ান্ত তালিকা প্রদর্শনের তারিখ	০২/০৪/২০১৭

২। পরীক্ষার্থীর যোগ্যতা:

ক) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ১ম পর্বে (নিয়মিত) ভর্তি হয়ে রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে তারা কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণ করতে পারবে।

৩। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী:

রেজিস্ট্রেশন নম্বর ব্যতীত আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদারাসার অধ্যক্ষ পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :

ক) eFF এর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে Submit করে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সম পরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত রশিদটি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে জমা দিতে হবে। (কোন অবস্থাতে ২৫-০৩-২০১৭ খ্রি. এর পরে অনলাইনে eFF করা যাবে না)।

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদারাসার অধ্যক্ষ বহন করবেন।

৫। পরীক্ষার্থীর যাবতীয় ফি-এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলো:

পরীক্ষার নাম	পরীক্ষার ফি (প্রতি পত্র)	টিউটোরিয়াল পরীক্ষায় ফি (প্রতি পত্র)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র)	জাতীয় শিক্ষা সংগঠন ফি (প্রতি শিক্ষার্থী)	মোট
কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব	২০০.০০	৮০.০০	২০০.০০	৫.০০	১,৩২৫.০০

৬। অন্যান্য ফি এর হার :

ক) কামিল স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষা-২০১৬ এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা (ব্যবহারিক ব্যতীত) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন।

৭। ক) কোন ক্রমেই নগদ টাকা, টিটি, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

খ) কোন অবস্থাতে ২৫-০৩-২০১৭ খ্রি. এর পরে অনলাইনে eFF করা যাবে না।

গ) নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি জমার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ করা হবে না।

ঘ) পরীক্ষার ফি জমা দেওয়ার রশিদ ও প্রয়োজনীয় কাগজপত্র অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। জমা দেওয়ার সময় দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট থেকে সীল স্বাক্ষরকৃত রশিদ অবশ্যই গ্রহণ করতে হবে।

ঙ) পরীক্ষার ফি জমার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্রের সাথে মাদরাসার অধিভুক্তি নবায়নের অনুমোদিত কপি অথবা অধিভুক্তি নবায়নের জন্য আবেদন ফরমের সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হবে।

৮। অন্যান্য বিষয় সংক্রান্তঃ

ক) অবৈধ রেজিস্ট্রেশন: বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া মাদরাসা বদলি অথবা অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার্থীর ফলাফল বাতিল বলে গণ্য হবে।

৯। অন-লাইনে ফরম পূরণের www.iau.edu.bd এ কোন সমস্যা হলে হেল্প ডেস্ক নং- ০১৭০৯৩৮৯০০৭ এ সাহায্য নেয়া যাবে অথবা ই-মেইল iau.exam@gmail.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

১০। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৬ সালের কামিল স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

মোবাইল ০১৭০৯৩৮৯০০৬

স্মারক নং- ইআবি/পনি/ফা.পা.প/২০১৬/ ৪২২(১৬)

তারিখঃ ২৯ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
১৩ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :


১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. ভাইস চ্যান্সেলর

ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/বরিশাল/বাংলাদেশ টেলিটাইল/রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়।

৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৪. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
৭. জেলা প্রশাসক, সকল।
৮. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/
দিনাজপুর/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)।
১০. অধ্যক্ষ,.....
১১. সকল কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২.
১৩. অফিস কপি।


উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
মোবাইল ০১৭০৫৪০৮০০৪